# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪৮১

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৮১. উপত্যকা থেকে পানিসেচ এবং যে পরিমাণ পানি আটকে রাখা যাবে

بَاب الشُّرْبِ مِنْ الْأَوْدِيَةِ وَمِقْدَارِ حَبْسِ الْمَاءِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ، حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ مَنْظُورِ بْنِ ثَعْلَبَةَ بْنِ أَبِي مَالِكٍ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عُقْبَةَ بْنِ أَبِي مَالِكٍ، عَنْ عَمِّهِ، ثَعْلَبَةَ بْنِ أَبِي مَالِكٍ قَالَ قَضَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي سَيْلِ مَهْزُورٍ الأَعْلَى فَوْقَ الأَسْفَلِ يَسْقِي الأَعْلَى إِلَى الْكَعْبَيْنِ ثُمَّ يُرْسِلُ إِلَى مَنْ هُوَ أَسْفَلُ مِنْهُ .

বাংলা

২/২৪৮১। ছা'য়লাবা ইবনে আবূ মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাহযূর নামক উপত্যকার পানি প্রবাহ সম্পর্কে ফয়সালা দেন যে, উঁচু ভূমি নিচু ভূমির উপর অগ্রাধিকার পাবে। উঁচু ভূমিতে পানি জমে তা পায়ের গোছা পর্যন্ত পৌঁছার পর তা নিচু ভূমির দিকে ছেড়ে দিতে হবে।

## English

It was narrated that Tha'labah bin Abu Malik said:
“The Messenger of Allah (ﷺ) ruled concerning the stream of Mahzur that the higher ground took precedence over the lower, so the higher ground should be irrigated until the water reached the ankles, then it should be released to those who were lower.

ফুটনোট

আবূ দাউদ ৩৬৩৮, বায়হাকী ফিস সুনান ৬/১০৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. যাকারিয়্যা মানযুর বিন সা'লাবাহ বিন আবু মালিক সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ আল-আসকারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে। আবু বিশর আদ-দাওলাবী বলেন, তিনি সিকাহ নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন,

তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৯৬, ৯/৩৬৯ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন উকবাহ বিন আবু মালিক সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার সম্পর্কে কিছু জানা যায়না। ইমাম বুখারী তার তারিখুল কাবীর এর মাঝে উল্লেখ করেছেন। তিনি ঐ দিকে ইশারা করেছেন যে, তার চাচা সা'লাবাহ বিন আবু মালিক ও ইবনু আব্বাস (রাঃ) থেকে হাদিস বর্ণনা করেছেন এবং তার থেকে যারিয়্যা বিন মানসুর ও মুহাম্মাদ বিন রিফাআহ হাদিস বর্ণনা করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৪৬৮, ২৬/১২১ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু যাকারিয়্যা মানযুর বিন সা'লাবাহ বিন আবু মালিক ও তার উসতায মুহাম্মাদ বিন উকবাহ বিন আবু মালিক এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২৪৩ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৪ টি খুবই দুর্বল, ৩৫ টি দুর্বল, ৭৮ টি হাসান, ১২৬ টি সহিহ হাদিস পাওয়া যায়, তন্মধ্যে উল্লেখযোগ্য হল, বুখারী ২৩৬০, ২৩৬১, ২৩৬২, ২৭০৮, ৪৫৮৫, মুসলিম, ২৩৫৮, তিরমিযি ১৩৬৩, ৩০২৭, আবু দাউদ ৩৬৩৭, ৩৬৩৮, ৩৬৩৯, আহমাদ ১৪২২, ১৫৬৮৪, ২২২৭২, শারহুস সুন্নাহ ২১৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সা'লাবাহ ইবনু আবূ মালিক

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43097

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন